



রসায়ন বিভাগ এলামনাই এসোসিয়েশন এর উদ্যোগে পুনর্মিলনী অনুষ্ঠান-২০২২



২৩ সেপ্টেম্বর ২০২২-শুক্রবার সকাল ১১টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগ এলামনাই এসোসিয়েশন এর উদ্যোগে পুনর্মিলনী অনুষ্ঠান-২০২২ বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান বিভাগ মাঠে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুলক হক।

রসায়ন বিভাগ এলামনাই এসোসিয়েশনের সভাপতি মীর মাহবুব হাসানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, নানু গ্রুপ এর চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক বি এম শোয়েব (সি আই পি) বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ শাহজাহান এবং রসায়ন বিভাগ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. শামছুন নাহার।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



এসময় বিশ্ববিদ্যালয়ের প্রক্টর, রসায়ন বিভাগের শিক্ষক, এলামনাইবৃন্দ সহ আরো অনেকে উপস্থিত ছিলেন। উল্লেখ্য রসায়ন বিভাগ এলামনাই এসোসিয়েশন এর একটি র্য়ালি উপাচার্যের নেতৃত্বে পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ করে।